

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
সভার তারিখ	২৯-০৬-২০২১ ইং
সভার সময়	মঙ্গলবার, বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেন্স রুম। ক) জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। খ) জনাব, শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য, ইনোভেশন উপস্থিতি টিম। গ) জনাব মোঃ নাজমুল হক, সহকারি পরিচালক (পরিকল্পনা) ও সদস্য, ইনোভেশন টিম।

২.০। আলোচনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী বার্ষিক উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের সার্বিক অগ্রগতি তুলে ধরে সভায় উল্লেখ করা হয় যে, ইনোভেশন টিমের ৫টি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। সিডিউল অনুযায়ী ৬ষ্ঠ সভাটি আজ অনুষ্ঠিত হচ্ছে। সভায় আরো উল্লেখ করা হয় যে, প্রথম সভা থেকে শুরু করে পঞ্চম সভা পর্যন্ত সকল সিদ্ধান্তই শতভাগ বাস্তবায়িত হয়েছে এবং হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার লক্ষ্য মাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে।

২.২। সভাপতি সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি করে প্রকাশনা বের করা, বাস্তবায়নের উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি করে প্রকাশনা বের করা, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, উদ্ভাবনী আইডিয়া এবং ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

ক) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন
ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার,
ইনোভেশন টিম।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.১৩২

তারিখ: ১৭ আষাঢ়.১৪২৮/০১ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন
ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার,
ইনোভেশন টিম।